

## কোষ

এই ক্ষুদ্র বৃত্তাকারে এত ধন ছিল যে সঞ্চিত  
মহান সৃষ্টির পুরোভাগে  
এত প্রাণ এত আশা লুক্কায়িত তৃণবিন্দু মাঝে  
কে জানিত আগে ?

যেদিন এ চক্ষু গেছে খুলি'—

দিয়াছে প্রথম স্পর্শ জ্ঞানের সে শুভ্রকরাজুলি,  
সেইদিন সম্মুখেতে চিত্রপটে উঠিয়াছে ভাসি'  
বিরাট সে লীলা-ক্ষেত্র, যার মাঝে প্রাণ রাশি রাশি  
অনন্ত আনন্দে মাতে, ভগ্ন করি, অন্ধকার কায়া,  
ক্ষুণ্ণ করি' জড়তায় ঢালে তার শুদ্ধ মধু ধারা !

দেখিয়াছে তারি ভিত্তিতলে

এই ক্ষুদ্রতার সীমা সঞ্চিত করেছে রস

আপনার সূক্ষ্ম শতদলে—

সেই রসে পূর্ণ এবে ধরণীর সমগ্র এ কায়া  
বিছাইছে দিকে দিকে সর্বর্ণ সগন্ধ  
তারি মায়া ।

তারি তনু মাঝে একদিন

নিদ্রিত ছিল এ বিশ্ব, প্রাণের প্রবাহ  
অতিক্রমীণ ;

নাহি জানি কবে লভি' অনন্তের মুক্ত ভালবাসা  
ঘুচাইল সব দৈন্য উচ্চারিল উচ্ছ্বাসের ভাষা,  
বিকাশের শুভ্র পথে ধরণীর পত্রপুষ্পগুলি

বহুরূপে উঠিল চঞ্চলি'—

অন্তরে জাগিল তার ধন

ক্ষীণতার পরিধির সেথা হ'ল পূর্ণ

সমাপন ॥

শ্রীভূপেন্দ্রনাথ সেন

প্রথম বার্ষিক বিজ্ঞান বিভাগ ।